গুলি ছুটল শত্রুঘ্ন'র বাসভবনের রক্ষীর গুলি থেকে



মুম্বই, ২৯ জুলাই : বলিউডের অভিনেতা এবং বিজেপি সাংসদ শত্রুঘ্ন সিনহার মুম্বইয়ের আবাসনের রক্ষীর সার্ভিস রিভলবার থেকে শনিবার সন্ধ্যায় গুলি ছুটে যায়। সৌভাগ্যক্রমে কেউ হতাহত হননি। বিহারের পাটনাসাহিবের ৭২ বছর বয়স্ক শত্রুঘ্ন মুম্বইয়েরও জনপ্রিয় অভিনেতা ছিলেন। তিনি প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীও। মুম্বইয়ে রামায়ণ নামে একটি বহুতলের আটতলায় তাঁর একটি অ্যাপার্টমেন্ট রয়েছে। সেখানে নিযুক্ত রক্ষীর সার্ভিস রিভলবার থেকেই শনিবার সন্ধেবেলায় হঠাৎই গুলি বেরিয়ে আসে। ঘটনাক্রমে কেউ হতাহত হননি বলে জানিয়েছেন পুলিশের এক মুখপাত্র। ঘটনার তদন্ত শুরু হয়েছে। বিজেপি সাংসদ নিজে সেই সময় বাড়িতে ছিলেন কি না, তাও জানা যায়নি। তবে এ নিয়ে শত্রুঘ্ন কোনও মন্তব্য করেননি। প্রসঙ্গত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও তাঁর ঘনিষ্ঠদের সঙ্গে শত্রুঘ্ন সিনহার সম্পর্ক ইদানিং একেবারেই তলানিতে ঠেকেছে। প্রধানমন্ত্রীর প্রায় নিয়ম করে সমালোচনা করেন তিনি।

যমুনা হুমকি দিচ্ছে দিল্লিকে

জরুরি বৈঠকে বসলেন দিল্লির মুখ্যমন্ত্রী কেজরিওয়াল

নয়াদিল্লি, ২৯ জুলাই : নরেন্দ্র মোদীর নেতৃত্বে এনডিএ সরকারকে হঠানোর জন্য একদিকে যখন দিল্লিতে ফেডারেল ফ্রন্ট গঠনের তৎপরতা তুঙ্গে, ঠিক তখনই বন্যা পরিস্থিতি নিয়ে কড়া সতর্কতা জারি হল রাজধানী দিল্লিতে। গত তিনদিন ধরে অন্যান্য রাজ্যের সঙ্গে রাজধানীতেও অবিশ্রান্ত বৃষ্টি হয়ে চলেছে। বাঁধভাঙা বৃষ্টিতে যমুনার জলস্তর রবিবার সকালে রেকর্ড পরিমাণ বেড়েছে।

পুরনো দিল্লির রেলব্রিজের কাছে যমুনার জলস্তরের যে রেকর্ড করা হয়েছে, তা হল ২০৫.৫০ মিটার। যমুনার জলস্তর ২০৫.৪৬ মিটার ছাড়ালেই বিপজ্জনক বলে চিহ্নিত হয়। এই পরিস্থিতিতে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল জরুরি বৈঠক ডাকেন। প্রসঙ্গত, যমুনা দিল্লিতে ঢোকার আগে হরিয়ানার যমুনা নগর, কারনাল ও পানিপথ জেলার মধ্যে দিয়ে বয়ে চলেছে। ফলে দিল্লির আগে হরিয়ানাতেও ব্যাপক বন্যার আশঙ্কা দেখা দিয়েছে।

রাজস্থান, মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ, মহারাষ্ট্র, উত্তরাখণ্ড ও হিমাচল প্রদেশের সঙ্গে সঙ্গে রাজধানী দিল্লি এবং সংলগ্ন অঞ্চলে অবিরাম বৃষ্টি হয়ে চলেছে। মৌসম ভবন জানিয়েছে, আগামী কয়েকদিন ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই অবস্থায় পূর্ব দিল্লির অন্তত ১০টি নিচু জায়গা থেকে এখনও পর্যন্ত সরানো হয়েছে ৫০০ বাসিন্দাকে। বিভিন্ন জায়গায় দুর্গতদের জন্য দিল্লি সরকার ৫৫০টি ত্রাণ শিবিরের ব্যবস্থা করেছে, কারণ সরকারের ধারণা, বৃষ্টি এভাবে চলতে থাকলে পরিস্থিতির আরও অবনতি হতে পারে। সেক্ষেত্রে যমুনা তীর থেকে সরিয়ে নিতে হবে আরও বহু মানুষকে। মূলত তাদের জন্যই বিপুল সংখ্যক ত্রাণ শিবির খোলা হয়েছে। পূর্ব দিল্লির জেলাশাসক জানিয়েছেন, বিভিন্ন স্কুল এবং সরকার পরিচালিত নৈশ আবাসগুলিতেও দুর্গতদের থাকার ব্যবস্থা হচ্ছে।

দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল শনিবারই রাজ্যের মুখ্যসচিবের সঙ্গে বানভাসি পরিস্থিতি নিয়ে জরুরি বৈঠকে বসেন। বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রক রাজধানী দিল্লিতেও বন্যার সম্ভাবনা আছে কি না, তা খতিয়ে দেখা শুরু করে। কারণ হরিয়ানার হাথনিকুণ্ড বাঁধ থেকে ৫ লক্ষ কিউসেক জল ছাড়া শুরু হয়েছে। রবিবার সন্ধের মধ্যেই যমুনা বেয়ে এই জল দিল্লিতে পৌঁছনোর কথা। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বন্যা সংক্রান্ত জরুরি বিভাগকে মানুষ যেন প্রয়োজন হলেই ফোন করেন। কন্ট্রোল রুমের ফোন নম্বর : ১০৭৭।

প্রশাসন নিচু এলাকা থেকে যেমন মানুষকে সরিয়ে নিয়ে যাচ্ছে, তেমনই সমস্ত মানুষের কাছেই সহযোগিতা চাওয়া হয়েছে। বাতিল করা হয়েছে সব সরকারি বিভাগের ছুটিও। যে কোনও সময় প্রয়োজন হতে পারে মনে করেই তাদের ছুটি বাতিল করা হয়েছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকে ছিলেন দুর্গত এলাকার বিধায়ক, দিল্লি পুলিশের অফিসার, দিল্লি নগরোন্নয়ন বোর্ড, সেচ ও বন্যা নিয়ন্ত্রণ দফতরের প্রতিনিধি, সেনাবাহিনী, এমসিডি, পিডব্লুডি, দিল্লি জলবোর্ড, ক্যাটস্, হেল্থ রেভিনিউ, ডিডিএমএ এবং অন্যান্য বিভাগের প্রতিনিধিরা। দিল্লি প্রশাসন যমুনা তীরবর্তী এলাকা থেকে প্রায় ৫০০ মানুষকে সরিয়ে নিয়ে গেছে। কারণ জল যেভাবে বাড়ছে তাতে রবিবার সন্ধে নাগাদ নিচু এলাকাগুলি ভেসে যাওয়ার কথা। প্রীত বিহারের নোডাল অফিসার অরুণ গুপ্তের দাবি, ১০ হাজার মানুষ যমুনার বন্যায় ক্ষতিগ্রস্ত হতে পারেন। যারা মূলত নদীর তীরে বা নিচু এলাকায় থাকেন, তাদেরই দ্রুত সরিয়ে নেওয়ার কাজ চলছে। মুখ্যমন্ত্রী জরুরি বৈঠকে দুর্গত এলাকার মানুষজনকে বিদ্যুৎ, খাদ্য ও পানীয় জল সরবরাহ নিশ্চিত করার কথা বলেছেন। এছাড়া সর্বক্ষণ মেডিক্যাল ইমার্জেন্সি টিমও তাদের সঙ্গে রয়েছে। সমস্ত বিদ্যুৎ কোম্পানিগুলিকে দুর্গত মানুষের জন্য যেসব ত্রাণ শিবির খোলা হয়েছে, সেখানে ২৪ ঘণ্টা বিদ্যুতের জোগান রাখার জন্য আবেদন করা হয়েছে। এছাড়া বন্যা নিয়ন্ত্রণ কক্ষেও ঘড়ির কাঁটা মিলিয়ে অফিসাররা কাজ করে চলেছেন।

দিল্লির বন্যাদুর্গত অঞ্চলগুলিতে তৈরি রাখা হচ্ছে মোটর বোট। মুখ্যমন্ত্রীর প্রস্তাব অনুসারে সমস্ত এজেন্সিকেই মোটর বোট প্রস্তুত রাখার নির্দেশ দেওয়া হয়েছে। প্রসঙ্গত, হাথনিকুণ্ড ব্যারেজের জলস্তরের সীমানা হরিয়ানা-উত্তরাখণ্ড সীমান্তে বিপজ্জনক মাত্রার উপর দিয়ে বয়ে চলেছে বলেও দাবি করেছেন কর্তৃপক্ষ। দিল্লি সরকার দিল্লিবাসীকে যমুনার হুমকি থেকে বাঁচাতে জাতীয় বিপর্যয় মোকাবিলাকারী কর্মীদের এবং সেনাবাহিনীকেও সতর্ক থাকার জন্য অনুরোধ করেছেন।

রাজস্থানে ৭ বছরের শিশুর ধর্ষণ ও হত্যা

জয়পুর, ২৯ জুলাই : রাজস্থানে ৭ বছরের এক শিশুকন্যাকে মৃত অবস্থায় পাওয়া যায়। একটি মাঠ থেকে তার দেহ উদ্ধারের পর অভিযোগ উঠেছে, ওই শিশুকন্যাটিকে ধর্ষণ করা হয়েছিল। কারণ তার গলায় ও শরীরে বহু আঘাতের চিহ্ন রয়েছে। ঝালোয়ার জেলার মগিয়াভাইয়া গ্রামে এই ঘটনাটি ঘটেছে। কামখেড়া থানার এসএইচও ধর্মারামন সাংবাদিকদের ধর্ষণজনিত কারণে শিশুমৃত্যুর ঘটনাটি সাংবাদিকদের জানিয়েছেন। জানা গেছে, শুক্রবার ওই শিশুকন্যাটি বাড়ির বাইরে খেলতে গিয়েছিল। কিন্তু সন্ধে থেকেই সে নিখোঁজ হয়ে যায়। শনিবার বিকেল ৪.৩০ মিনিট নাগাদ একটি ভুট্টার খেত থেকে তার মৃতদেহ উদ্ধার করা হয়। বাড়ি থেকে মাত্র ২৫০-৩০০ মিটারের মধ্যেই তার দেহটি পড়ে ছিল। মৃতদেহটি পুলিশ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। এখনও সন্দেহভাজন কাউকে গ্রেফতার করা হয়নি।

লিটিল রক ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ
CIN:L67120WB1981PLC033628
রেজি: অফিসঃ ১১সি, রাম মোহন দত্ত রোড, প্রথম তল,
কলকাতা-৭০০০২০
প্রশাসনিক অফিস: ৯/১৪, (দ্বিতীয়তল), ইস্ট প্যাটেল নগর,
নিউ দিল্লি-১১০০০৮, ফোন. নং.: ৯১১১২৫৭৬৯১১১,
ই-মেল: secretarial@lrtil.co.in
ওয়েবসাইট: www.lrtil.co.in

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ ও ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যা মূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ১০ আগস্ট, ২০১৮ তারিখে বেলা ১২টায় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.lrtil.co.in এবং দি কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেডের ওয়েবসাইট cse-india.com দেখা যাবে।

লিটিল রক ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট লিঃ-এর পক্ষে
স্বাঃ/-
(দীপা নন্দা)
ডিরেক্টর
স্থান: নয়াদিল্লি
তারিখ: ৩০জুলাই, ২০১৮
DIN: 06535258

হারভাটেক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্রোসেসিং কোং.লি.
CIN:L28939WB1982PLC035023
রেজি: অফিসঃ ১১সি, রাম মোহন দত্ত রোড, প্রথম তল,
কলকাতা-৭০০০২০
প্রশাসনিক অফিস: ৯/১৪, (প্রথম তল),
ইস্ট প্যাটেল নগর, নিউদিল্লি-১১০০০৮
ফোন. নং.: ৯১১১৪১৪১২১৩৯,
ই-মেল: satishagarwal307@yahoo.com
ওয়েবসাইট: www.hepcl.co.in

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ ও ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যা মূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ১০ আগস্ট, ২০১৮ তারিখে সকাল ১০টায় পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.hepcl.co.in এবং দি কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেডের ওয়েবসাইট cse-india.com দেখা যাবে।

হারভাটেক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্রোসেসিং কোং লিঃ-এর পক্ষে
স্বাঃ/-
(রজত কুমার)
ম্যানেজিং ডিরেক্টর
স্থান: নয়াদিল্লি
তারিখ: ৩০জুলাই, ২০১৮

জেমস কমার্শিয়াল কোং লি.
CIN:L51109WB1983PLC035777
রেজি: অফিসঃ ১১সি, রাম মোহন দত্ত রোড, প্রথম তল,
কলকাতা-৭০০০২০
প্রশাসনিক অফিস: ৯/১৪, (প্রথম তল), ইস্ট প্যাটেল নগর,
নিউদিল্লি-১১০০০৮
ফোন. নং.: ৯১১১৪১৪১২১৩৯,
ই-মেল: satishagarwal307@yahoo.com
ওয়েবসাইট: www.gemscommercial.co.in

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে ক্ষেত্রীয় রেগুলেশন ২৯ ও ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও ব্যাখ্যা মূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য ১০ আগস্ট, ২০১৮ তারিখে দুপুর ২.৩০ মিনিটে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.gemscommercial.co.in এবং দি কলকাতা স্টক এক্সচেঞ্জ লিমিটেডের ওয়েবসাইট cse-india.com দেখা যাবে।

জেমস কমার্শিয়াল কোম্পানি লিঃ-এর পক্ষে
স্বাঃ/-
(রজত কুমার)
ম্যানেজিং ডিরেক্টর
স্থান: নয়াদিল্লি
তারিখ: ৩০জুলাই, ২০১৮

সংসদে রাহুলের চোখের ইশারা, দলীয় সভাপতিকে আড়াল করার চেষ্টা জ্যোতিরাদিত্যের

ইন্দোর, ২৯ জুলাই : কৃষকদের আত্মঘাতী হওয়া বা দেশজুড়ে ধর্ষণের মতো যে ঘটনা ঘটছে, তাকে ফোকাস না করে কেন রাহুল গান্ধির সংসদে চোখের ইশারা করার ঘটনাটিকেই তুলে ধরা হল, তা সাংবাদিকদের কাছে জানতে চাইলেন কংগ্রেস নেতা জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। সংসদে আস্থা ভোটের দিন রাহুল গান্ধি তাঁর ভাষণ শেষে আসনে ফিরে আসার সময় চোখের ইশারা করেন। সমস্ত সোশ্যাল মিডিয়ায় সেই ছবি ভাইরাল হয়েছে। কংগ্রেসের তরফে অবশ্য বলা হয়েছে, সংসদে তাঁর পাশের আসনে বসেছিলেন প্রায় বন্ধু জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। তাঁকেই রাহুল নিজের ভাষণ সম্পর্কে মতামত জানার জন্য চোখের ঈশারা করেন। কিন্তু তা যে এমন মারাত্মক আকার নেবে তা বোধহয় বুঝতে পারেননি কংগ্রেস সভাপতি নিজেই। তাই তাকে আড়াল করতে এগিয়ে আসতে হচ্ছে দলীয় সতীর্থদের।

ইন্দোরে এক সাংবাদিক বৈঠকে রবিবার সাংবাদিকরা জানতে চেয়েছিলেন গত ২০ জুলাই অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনার দিনে লোকসভায় নিজের ভাষণ শেষে কেন চোখের ইশারা করেন? এই প্রসঙ্গে মধ্যপ্রদেশের গুনার সাংসদ জ্যোতিরাদিত্য বলেছেন, রাহুল যেসব প্রশ্ন সংসদে তোলেন সেগুলি, নাকি অনাস্থা প্রস্তাব নিয়ে আলোচনার দিন তাঁর চোখের ইশারা বিষয়টিকে অগ্রাধিকার দেওয়া উচিত, তা সাংবাদিকরাই ঠিক করুন। তিনি সাংবাদিকদের পাল্টা প্রশ্ন করে জানতে চান, তাঁরা জীবনে কাউকে চোখের ইশারা কি করেননি? এরপরই রাহুল গান্ধি চোখের ইশারা ছাড়াও সিন্ধিয়া কেন্দ্রীয় সরকারের ধান এবং অন্যান্য শস্য কিনতে ন্যূনতম সহায়ক মূল্য বাড়ানোর প্রস্তাবকে নির্বাচনী ধোঁকা বলে অভিহিত করেন। সিন্ধিয়ার দাবি, কৃষকরা অতিরিক্ত সহায়ক মূল্য কোনওদিনই পাবেন না। কারণ মাঝখানে ঠিক পৌঁছে যাবেন দালালরা। কৃষকরা তাদের উৎপাদিত পণ্য বা তাদের পরিশ্রমের সঠিক মূল্য কোনওদিনই পাবেন না।

জ্বালানির দাম ক্রমাগত বাড়া নিয়ে মোদী সরকারকে তীব্র আক্রমণ করে জ্যোতিরাদিত্য এদিন বলেছেন, গত সাধারণ নির্বাচনের আগে মোদী বলেছিলেন, বিদেশ থেকে কালো টাকা ফিরিয়ে এনে দেশের প্রত্যেক নাগরিকের অ্যাকাউন্টে ১৫ লক্ষ টাকা করে জমা দেওয়া হবে। উল্টে এখন দেখা যাচ্ছে, পেট্রোল ও ডিজেলের দাম প্রচুর পরিমাণে বাড়িয়ে সরকার জনগণের পকেট থেকে ১৫ লক্ষ কোটি টাকা ঘরে তুলছে। সম্প্রতি মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান গোয়ালিয়র রাজ পরিবারের অধিকারী সিন্ধিয়াকে মহারাজা বলে ডাকায় তিনি আপত্তি করেন। সিন্ধিয়ার দাবি, স্বাধীনতার পর রাজা-মহারাজাদের যুগ শেষ হয়ে গেছে। একজন রাজনৈতিক নেতা হিসেবেই তাঁর মূল্যায়ন করা উচিত। সিন্ধিয়া আরও বলেন, তাঁর প্রয়াত ঠাকুমা প্রাক্তন বিজেপি নেত্রী বিজয়া রাজে সিন্ধিয়া নামের পাশেও রাজমাতা শব্দটি তিনি দেখতে চান না। অথচ চৌহান রাজস্থানের মুখ্যমন্ত্রী জ্যোতিরাদিত্য'র পিসি বসুন্ধরা রাজে এবং আর এক পিসি মধ্যপ্রদেশের মন্ত্রী যশোধরা রাজে সিন্ধিয়াকেও রাজ পরিবারের সদস্য হিসেবে মর্যদা দেন। এজন্য চৌহানকে 'ব্যাকওয়ার্ড' তকমা দিয়ে জ্যোতিরাদিত্য বলেছেন, একজন মুখ্যমন্ত্রীর কখনও কোনও জাত বা ধর্ম থাকে না। মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ৭.৫ কোটি মানুষের প্রতিনিধি, একথা তাঁর মনে রাখা উচিত।

নবরাত্রিতে স্কুল-কলেজে ছুটি ঘোষণা গুজরাত সরকারের

আহমেদাবাদ, ২৯ জুলাই : নবরাত্রি উপলক্ষে গুজরাত সরকার রাজ্যের সব স্কুল-কলেজে ছুটি ঘোষণা করল। শনিবার এই ছুটি ঘোষণা করা হয়। সরকারের তরফে জানানো হয়েছে, রাজ্যের সব বোর্ডকেই এই ঘোষণা মেনে চলতে হবে। প্রসঙ্গত, রাজ্যের শিক্ষা দফতর গত মাসে আসন্ন শিক্ষাবর্ষের জন্য গুজরাতের সব কলেজে সাত দিনের ছুটি ঘোষণা করেছিল। প্রসঙ্গত, বছরে দু'বার নবরাত্রি অনুষ্ঠান হয়। নবরাত্রির একেকটি দিন এক-একজন দেবী দুর্গার এক-একটি রূপের উদ্দেশে নিবেদিত হয়। সাধারণ মানুষ পুজো উপবাস ও নাচগানের মধ্যে দিয়ে এই অনুষ্ঠান পালন করেন।

অবশ্য নবরাত্রিতে দেবী দুর্গা মূলত পূজিতা হলেও এই অনুষ্ঠান আসলে রাবণের বিরুদ্ধে যুদ্ধে রামের জয়ের উৎসব। নবরাত্রি শুরু হয় শৈলপুত্রী বা দুর্গার আরাধনা দিয়ে। শেষ হয় দশেরা বা রাবণের কুশপুতুল পোড়ানোর মধ্যে দিয়ে। দশেরা হল অশুভ শক্তির বিনাশের প্রতীকী অনুষ্ঠান। এতদিন নবরাত্রি উপলক্ষে গুজরাত সরকার ৯ দিন ছুটি দিত না। এই প্রথম রাজ্যে এত বেশিদিন ছুটি পাবে স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা।

মহারাষ্ট্রের দুর্ঘটনাস্থলে আরও তল্লাশি

মুম্বই, ২৯ জুলাই : মহারাষ্ট্রে রায়গড় জেলায় আমবেনালি ঘাটে শনিবার পিকনিক সেরে ফেরার সময় একটি বাস খাদে পড়ে একই সংস্থার বহু কর্মী প্রাণ হারান। একজন মাত্র জানলা দিয়ে লাফিয়ে প্রাণ বাঁচাতে পেরেছেন বলে জানা গেছে। এখনও পর্যন্ত ৩০টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে। আশঙ্কা করা হচ্ছে, কমপক্ষে ৩৩ জন এই দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন।

বাসটিতে ছিলেন রায়গড়ের দাপোলি কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকরা। তারাই মহাবালেশ্বরের কাছে বাসটি খাদে পড়ে যাওয়ায় নিহত হন। ৫০-৩০০ ফুট গভীর খাদে অনুসন্ধান চালিয়ে এখনও পর্যন্ত ৩০টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে। আরও কোনও মৃতদেহ আছে কি না, তা অনুসন্ধান করে দেখা হচ্ছে। এদিকে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিশ নিহতদের পরিবারপিছু ৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ ঘোষণা করেছেন। এছাড়া আহত ব্যক্তির চিকিৎসার যাবতীয় খরচও সরকার বহন করবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

ধুনসেরি ইনভেস্টমেন্টস্ লিঃ
L15491WB1997PLC082808
রেজি অফিস : ধুনসেরি হাউস, ৪এ, উডবার্ন পার্ক,
কলকাতা - ৭০০০২০,
email: mail@dhunseriinvestments.com,
Ph: +91 33 22801950 (5 Lines)
Website: www.dhunserinvestments.com

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশনস ২৯ (১)(ক)-এর সহিত পঠনীয় রেগুলেশন ৪৭(১)(ক) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও প্রয়োজনীয় ব্যাখ্যামূলক) রেগুলেশনস, ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য পরিচালকবর্গের সভা বৃহস্পতিবার, ৯ আগস্ট, ২০১৮ তারিখে কোম্পানি রেজিস্ট্রার্ড অফিসে অনুষ্ঠিত হবে।

উক্ত ব্যবসায়িক জানালা সেবির (ক্ষেত্রীয় দায় ও অভ্যন্তরীণ ব্যবসা) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ জুলাই, ২০১৮ তারিখ থেকে ৪৮ ঘণ্টা বন্ধ থাকবে।

বোর্ডের আদেশানুসারে
স্থান : কলকাতা
সি কে ধানুকা
তাং : ৩০.০৭.২০১৮
(চেয়ারম্যান)

লাক্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড
রেজিস্টার অফিস: ৩৯ কালীকৃষ্ণ ঠাকুর স্ট্রিট,
কলকাতা-৭০০০০৭
ফোন: ০৩৩৪০৪০২১২১,
ফ্যাক্স: ০৩৩৪০০১২০০১
ই-মেল : info@luxinnerwear.com
ওয়েবসাইট: www.luxinnerwear.com
CIN:L17309WB1995PLC073053

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশনস ২৯ (১)(ক)-এর সহিত পঠনীয় রেগুলেশন ৪৭(১)(ক) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও প্রয়োজনীয় ব্যাখ্যামূলক) রেগুলেশনস, ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য পরিচালকবর্গের সভা ১০ আগস্ট, ২০১৮ তারিখে দুপুর ০১:৩০ মিনিটে কোম্পানির বাণিজ্যিক অফিসে পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভার বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.luxinnerwear.com এবং স্টক এক্সচেঞ্জগুলির ওয়েবসাইট যথাক্রমে www.nseindia.com ও www.bseindia.com-এ পাওয়া যাবে।

লাক্স ইন্ডাস্ট্রিজ লিঃ-এর পক্ষে
স্থান : কলকাতা
স্বাঃ/-
তাং : ৩০.০৭.২০১৮
(চেয়ারম্যান)

মিন্ট ইনভেস্টমেন্টস লিঃ
L15491WB1997PLC082808
রেজি অফিস : ধুনসেরি হাউস, ৪এ, উডবার্ন পার্ক, কলকাতা - ৭০০০২০,
email: mail@mintinvestments.in,
Ph: +91 33 22801950 (5 Lines)
Website: www.mintinvestments.in

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশনস ২৯ (১)(ক)-এর সহিত পঠনীয় রেগুলেশন ৪৭(১)(ক) অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও প্রয়োজনীয় ব্যাখ্যামূলক) রেগুলেশনস, ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য পরিচালকবর্গের সভা ৮ আগস্ট, ২০১৮ তারিখে কোম্পানির রেজিস্টার্ড অফিসে, পরিচালকবর্গের একটি সভা অনুষ্ঠিত হবে।

উক্ত ব্যবসায়িক জানালা সেবির (ক্ষেত্রীয় দায় ও অভ্যন্তরীণ ব্যবসা) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ জুলাই, ২০১৮ তারিখ থেকে ৪৮ ঘণ্টা বন্ধ থাকবে।

বোর্ডের আদেশ অনুসারে
স্বাঃ/-
স্থান : কলকাতা
চিত্রা ঠাকওয়ানি
তাং : ৩০.০৭.২০১৮
কোম্পানি সেক্রেটারি

নাগা ধুনসেরি গ্রুপ লিঃ
ধুনসেরি হাউস, ৪এ, উডবার্ন পার্ক,
কলকাতা-৭০০০২০
CIN:L01132WB1918PLC003029
Tel: 91 33 2280 1950 (5 lines),
Fax: 91 33 2287 8995
E-mail: mail@nagadhunserigroup.com,
website: nagadhunserigroup.com

বিজ্ঞপ্তি

ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির রেগুলেশনস ২৯ (১)(ক)-এর সহিত পঠনীয় রেগুলেশন ৪৭ অফ সেবি (ক্ষেত্রীয় দায় ও প্রয়োজনীয় ব্যাখ্যামূলক) রেগুলেশনস, ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৮ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল আলোচনা ও অনুমোদনের জন্য পরিচালকবর্গের সভা ৯ আগস্ট, ২০১৮ তারিখে কোম্পানির রেজিস্টার্ড অফিসে পরিচালকবর্গের একটি সভা।

উক্ত ব্যবসায়িক জানালা সেবির (ক্ষেত্রীয় দায় ও অভ্যন্তরীণ ব্যবসা) রেগুলেশন ২০১৫ অনুসারে ৩০ জুলাই, ২০১৮ তারিখ থেকে ৪৮ ঘণ্টা বন্ধ থাকবে।

বোর্ডের আদেশ অনুসারে
স্থান : কলকাতা
সি কে ধনুকা
তাং : ৩০.০৭.২০১৮
DIN : 00005684

চার্চের পর সংখ্যালঘুদের প্যানেলও 'কনফেশনস' নিষিদ্ধ করার বিরুদ্ধে



তিরুবনন্তপুরম/নয়াদিল্লি, ২৯ জুলাই : কেরলের বিশপের পর এবার সংখ্যালঘুদের জন্য জাতীয় কমিশনও চিঠি লিখল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে। জাতীয় মহিলা কমিশন চার্চে গিয়ে 'কনফেশনস' বা পাপ স্বীকার করার প্রথা নিষিদ্ধ করার সুপারিশ করেছে। এতেই ক্ষুব্ধ বিভিন্ন চার্চ এবং এনসিডব্লু'র মতো সংগঠন। এই সংগঠনের তরফে রবিবার বলা হয়েছে, খ্রিস্টধর্মের অবিচ্ছেদ্য অংশ হল চার্চে গিয়ে 'কনফেশনস' বা পাপ স্বীকার করা। এই প্রথায় নাক গলানো কারও উচিত নয়। এনসিএন-এর চেয়ারপার্সন সৈয়দ ঘেওরাউল হাসান রিজভি সাংবাদিকদের কাছে দাবি করেছেন, সংখ্যালঘু কমিশন এ ধরনের সুপারিশ পুরোপুরি খারিজ করে দিচ্ছে। তারা এর সম্পূর্ণ বিরোধীও। কেরলের ক্যাথলিক বিশপ কনফারেন্সও জাতীয় মহিলা কমিশনের সুপারিশের তীব্র বিরোধিতা করে প্রধানমন্ত্রীর কাছে এনসিডব্লু'র এই প্রস্তাব নাকচ করার দাবি জানিয়েছেন। এদিকে এনসিডব্লু'র সভাপতি রেখা শর্মাই প্রথম চার্চগুলিতে 'কনফেশনস' প্রথা নিষিদ্ধ করার সুপারিশ করেন। রবিবার তিনি বলেছেন, এই প্রথা মহিলাদের ব্ল্যাক মেইল করার শামিল। তিনি কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাকে দিয়ে কেরলের চার্চগুলিতে ধর্ষণ ও যৌন হয়রানির ঘটনাগুলির তদন্তের কথাও বলেছেন কেন্দ্রকে। রেখার আরও দাবি, চার্চের যাজকরা মহিলাদের সেখানে এসে চাপ দিয়ে গোপন করা বলতে বাধ্য করেন এবং তারপর তাঁদের নানাভাবে ব্যবহার করা হয়। মালাঙ্কারা অর্থোডক্স সিরিয়ান চার্চের চার যাজক ধর্ষণের ঘটনায় জড়িয়ে পড়ার পরই এনসিডব্লু সুপারিশ করেছে। তবে কোনও ধর্মীয় বিষয়ে কখনও হস্তক্ষেপ করে না। এনসিডব্লু'র চেয়ারপার্সন রেখা শর্মার মন্তব্য একান্তভাবে তাঁর নিজেরই বলে দাবি করেছেন কেন্দ্রীয় পর্যটন দফতরের প্রতিমন্ত্রী কান্নাথানম।

বিশ্ব বাঘ দিবস, ভারতে বাড়ছে বাঘের সংখ্যা

বিশেষ প্রতিবেদন, ২৯ জুলাই : মাত্র ২ মাস তার বয়স। এই বয়সে নিজের খাবার জোগাড় করার ক্ষমতা নেই। নির্ভর মায়ের ওপর। কিন্তু জানে না মা কখন আসবে? সেই ক্ষুধার্ত শিশুর মুখের দিকে তাকানো যায় না। কিন্তু মা যখন ফিরে আসে তখন সে বিস্মিত হয়ে তাকায় সেদিকে। সে সময় চারদিকে প্রতিধ্বনিত হয়, মা তার বেঁচে থাকতে পারত, নাও পারত....তারপরই টিভির পর্দায় ফুটে ওঠে কয়েকটি শব্দ। এক বছরে সারা দেশে মৃত্যু হয়েছে ১৪১১ বাঘের। একটি মোবাইল কোম্পানির এই বিখ্যাত মেসেজ চোখে জল এনে দেয়। কারণ তখন সারা দেশেই সরকার বাঘ বাঁচাও প্রচার শুরু করেছে।

২০১০ সালের পর কেটে গেছে আরও আটটি বছর। এই সংকট এখন অনেকটাই পেরিয়ে গেছে। ব্যক্তিগত প্রয়াস, সরকারের নীতি, বন্য জন্তু সংরক্ষণ আইনের সংশোধন এবং মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টির ফলে ২০১৪ সালে শেষ বাঘসুমারিতে জানা গেছে, এ দেশে 'ওয়াইল্ড ক্যাট'-এর সংখ্যা বেড়ে এখন ২,২২৬।

রবিবার ছিল বিশ্ব বাঘ দিবস। ভারতের পক্ষে সান্ত্বনার কারণ, এদেশে সারা পৃথিবীর মধ্যে বাঘের সংখ্যা সবচেয়ে বেশি। ভারতে বাঘের সংখ্যা যখন গর্বের বিষয়, তখন বিশেষজ্ঞদের বিশ্বাস, চোরাশিকার, বন থেকে কাঠ কেটে ফেলা এবং উন্নয়নমূলক বিভিন্ন প্রকল্পের ফলে বাঘেদের চিরকালীন অভ্যাস ঘা খাচ্ছে। যদি এইসব কারণগুলি দ্রুত সংশোধন না করা যায়, তবে ভারতের জাতীয় পশু বাঘের সংখ্যা ফের কমে যেতে পারে।

দেশের প্রথম সারির বণ্যপ্রাণী সংরক্ষক প্রেরণা সিং বিন্দ্রার মতে, সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাঘের করিডরগুলিকে নষ্ট করে দিচ্ছে। ফলে ভবিষ্যতে বাঘেদের গতিবিধি অনিশ্চিত হয়ে পড়বে। যদি না তাদের করিডরগুলিকে রক্ষা করা যায়।

সাধারণভাবে বাঘ কিন্তু অহিংস প্রাণী। যেখানে তারা সন্তানের জন্ম দেয়, সেখানেই সন্তানকে বড় করে। বিভিন্ন করিডর তাদের মধ্যে সংযোগ রক্ষা করে। সংরক্ষিত অভয়ারণ্য যদি ভবিষ্যতে আরও বাড়ানো না হয়, তবে বাঘের সংখ্যা কমবে বলেও আশঙ্কা বিন্দ্রার।

বিন্দ্রার আরও দাবি, জাতীয় সড়ক ও রেললাইনগুলি ঢুকে পড়ছে বাঘেদের করিডরের মধ্যে। কানহা ও পেঞ্চ সংরক্ষিত অরণ্যকে এভাবে যুক্ত করেছে রেললাইন। এছাড়া মেলঘাট বাঘ সংরক্ষণ প্রকল্পের বুক চিরেও চলে গেছে আরও একটি রেলপথ। বাঘেদের করিডরকে যদি বাঁচানো না যায়, তবে আমাদের ভবিষ্যৎ অন্ধকার বলেও দাবি করেছেন তিনি। বিন্দ্রার মতে, মধ্যপ্রদেশের পান্না বাঘ সংরক্ষণ প্রকল্পের ১০০ বর্গ কিলোমিটার এলাকা জলের তলায় চলে গেছে, কেনবেটোয়া নদী সংযোগ প্রকল্পের কারণে। বাঘেদের স্বাভাবিক বিচরণের জন্য প্রয়োজন ৩০০,০০০ বর্গ কিলোমিটার বনাঞ্চল। অথচ বর্তমানে রয়েছে মাত্র ৯০,০০০ বর্গ কিলোমিটার।

টার্নার মরিসন লিমিটেড
CIN : U5 1109WB1913 PLC002404
রেজি : অফিস : ৬, ˉ, লায়ন্স রেঞ্জ, কলকাতা - ৭০০০০১
Email: tmlcal@turner.co.in, Ph-033 46021743

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপ্তি করা যাচ্ছে যে, কোম্পানি অ্যাক্ট, ২০১৩-র ১২৪(৬) ধারার শর্তসমূহের সঙ্গে পঠনীয় ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) রুলস ২০১৬, সময়ে সংশোধিত অনুসারে প্রত্যেক সংস্থা শেয়ার স্থানান্তর করেছে। একাদিক্রমে সাত বছরের জন্য যে সকল শেয়ারগুলির লভ্যাংশ দাবিহীন অথবা অপ্রদত্ত রয়েছে এবং ওইগুলি ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ) অথরিটির অনুকূলে কোম্পানিকর্তৃক স্থানান্তর করা আবশ্যক। সেই অনুসারে কোম্পানি কর্তৃক ২০০২-০৩ আর্থিক বছরে লভ্যাংশ ঘোষণার সময় থেকে সাত বছর অথবা তারও বেশি সময় ধরে অপ্রদত্ত রয়েছে। এরূপ শেয়ারগুলি আইইপিএফ অ্যাকাউন্টে স্থানান্তর হবে শেয়ারহোল্ডার কর্তৃক ৩০ অক্টোবর, ২০১৮তে অথবা তার পূর্বে দাবিহীন থেকে থাকে তবে তা আইইপিএফ রুলস অনুযায়ী দাবিহীন শেয়ারগুলি তাদের ব্যক্তিগত ঠিকানায় সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারদের ২৮/০৭/২০১৮ তারিখে কোম্পানি কর্তৃক পাঠানো হয়েছে যাদের শেয়ার আইইপিএফ অ্যাকাউন্টে স্থানান্তরকরণের দায়বদ্ধতা রয়েছে। গত ৭ বছর অথবা তারও অধিক বছর ধরে লভ্যাংশ দাবিহীন *শেয়ারহোল্ডারদের তালিকা এবং যে শেয়ারগুলি কোম্পানি কর্তৃক আইইপিএফ অ্যাকাউন্টে স্থানান্তরকরণে দায়বদ্ধ

ক্রমিক নং	ফোলিও নং	নাম	কার্যকরী শেয়ারগুলি
১	০-৫৭	শ্রী অ্যান্থনি হলিবার্টন হিউম	৩০০
২	০-৬২	শ্রী চার্লস নেইল রোডওয়াড	৩০০
৩	০-৬১	শ্রী ডেভিড মিচেল জ্যাফরে	৩০০
৪	০-৫৯	শ্রী হরিদাস মুন্দ্রা	৩০০
৫	০-৫১	শ্রী লিওনার্ড উইলফ্রেড ব্যালকম্ব	৩০০
৬	০-৬০	শ্রী ওয়াল্টার হেনরি জন ক্রিস্টি	৩০০

এক্ষেত্রে, ৩০ অক্টোবর, ২০১৮ তারিখে অথবা তার আগে কার্যকর দাবি গৃহীত না হলে কোম্পানি নিম্নে উল্লিখিত পুনঃবিজ্ঞপ্তি ছাড়াই আইইপিএফ ইক্যুইটি শেয়ারগুলি স্থানান্তরকরণে উদ্যোগ নেবে এবং পরবর্তীতে কোম্পানির বিরুদ্ধে কোনও দাবি গৃহীত হবে না—উপরিল্লিখিত দাবিহীন শেয়ারগুলির পরিপ্রেক্ষিতে ডুপ্লিকেট শেয়ার সার্টিফিকেট ইস্যু করা হবে এবং আইইপিএতে স্থানান্তর করা হবে। মূল শেয়ার সার্টিফিকেটগুলি এই ইস্যুর ফলে স্বাভাবিকভাবে বাতিল হয়ে যাবে।

শেয়ারহোল্ডারগণ লক্ষ করবেন যে, দাবিহীন লভ্যাংশ এবং দাবিহীন শেয়ারগুলি উভয়ই ইআইপিএফ-এ একবার স্থানান্তর হয়েছে সেগুলি আইইপিএফ অথরিটি কর্তৃক দাবি করা হতে পারে আইইপিএফ রুলসের অধীনে নির্ধারিত পদ্ধতি মোতাবেক বিস্তারিত তথ্য/ব্যাখ্যার জন্য সংশ্লিষ্ট শেয়ারহোল্ডাররা কোম্পানির সঙ্গে যোগাযোগ করতে পারেন।

স্থান : কলকাতা
বোর্ডের আদেশানুসারে
তাং : ২৬.০৭.২০১৮
ভাইস প্রেসিডেন্ট এবং কোম্পানি সেক্রেটারি